ইত্তেফাক

তারিখ ... ১৯।১।৮০ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

৭০

# ওজন ও পরিমাপের জন্য মেট্রিক পদ্ধতি চালুর সিদ্ধান্ত

বাসস জানায়, গতকাল (শুক্রবার) বঙ্গভবনে প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমানের সভাপতিত্বে মন্ত্রী পরিষদের এক সভায় দেশে ওজন ও পরিমাপের জন্য মেট্রিক পদ্ধতি চালু করার প্রস্তাব অনুমোদন করা হয়। ১৯৮২ সনের ১লা জুলাই হইতে পর্যায়ক্রমে এই নয়া পদ্ধতি চালু হইবে। সভায় বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষকদের জন্য একটি সর্বনিম্ন সম বেতন স্কেল চালু এবং শিক্ষকদের জন্য সরকারী সাহায্য মঞ্জুরী বৃদ্ধি সংক্রান্ত কমিটির সুপারিশ বিবেচনা করেন এবং প্রস্তাবটি নীতিগতভাবে গ্রহণ করেন। সভায় বিদেশী বেসরকারী পুঁজি সংরক্ষণের জন্য খসড়া বিল বিবেচনা এবং কতিপয় ক্ষেত্রে আইনগত নিরাপত্তার প্রেক্ষিতে অনুমোদন করা হয়। সভায় কয়েকটি বিভাগ ও কর্পোরেশনের সদর দফতর ঢাকার বাহিরে স্থানান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়।